

সচিবালয়ে ৪ উপদেষ্টার রুদ্ধদ্বার বৈঠক

স্টাফ রিপোর্টার : সচিবালয়ে সরকারের চার উপদেষ্টা রুদ্ধদ্বার বৈঠক করেছেন গতকাল। বাণিজ্য উপদেষ্টা ডঃ হোসেন জিল্লুর রহমানের কক্ষে বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত টানা দুই ঘণ্টা বৈঠক করেছেন উপদেষ্টারা। বৈঠকে গোয়েন্দা সংস্থার একজন উর্ধ্বতন কর্মকর্তাও উপস্থিত ছিলেন বলে জানা গেছে। দীর্ঘ দু'ঘণ্টা উপদেষ্টারা ঠিক কী নিয়ে আলোচনা করেছেন তা জানা যায়নি। আর বৈঠকে যোগদানকারী কোন উপদেষ্টাই সাংবাদিকদের কাছে মুখ খুলেননি। শুধু বাণিজ্য উপদেষ্টা সাংবাদিকদের বলেছেন, রডের ক্রমবর্ধমান মূল্যবৃদ্ধির বিষয়ে তারা আলোচনা করেছেন। অন্য কোন বিষয়ে নয়। ধারণা করা হচ্ছে— আগামী মাসে সরকারের সাথে রাজনৈতিক দলগুলোর যে সংলাপ অনুষ্ঠিত হতে যাচ্ছে, তার প্রস্তুতি ও এজেন্ডা নিয়েই উপদেষ্টারা আলোচনা করেছেন। রাজনৈতিক দলগুলোর সাথে আলোচনায় সরকারের কৌশল কি হবে— তা নিয়েই মূলত আলোচনা হয়েছে। গত ২৫ মার্চ যোগাযোগ উপদেষ্টা মেজর জেনারেল (অব.) গোলাম কাদের সাংবাদিকদের বলেছিলেন, রাজনৈতিক দলগুলোর সাথে সরকার দ্রুত সংলাপ করতে যাচ্ছে। এর জন্য সরকার প্রস্তুতি নিচ্ছে। যোগাযোগ উপদেষ্টার বক্তব্যের পর চার উপদেষ্টার এই বৈঠক ঈঙ্গিতবহ। এতে স্পষ্টতই অনুমেয় সরকার রাজনৈতিক দলগুলোর সাথে সংলাপের জন্য প্রস্তুতি নিচ্ছেন। বৈঠকে বাণিজ্য উপদেষ্টা হোসেন জিল্লুর রহমান ছাড়াও স্থানীয় সরকার উপদেষ্টা আনোয়ারুল ইকবাল, আইন উপদেষ্টা এ এফ হাসান আরিফ ও যোগাযোগ উপদেষ্টা মেজর জেনারেল (অব.) গোলাম কাদের উপস্থিত ছিলেন।